

চামড়া শিল্পে ৫০৯০ বেকারের প্রশিক্ষণ ব্যবস্থা

পাবেন ভাতা ও চাকরি

কোনো রকম ফি ছাড়াই ৫ হাজার ৯০ বেকার ও কর্মী চামড়া শিল্পে প্রশিক্ষণ পাবেন। মাস শেষে দেওয়া হবে ভাতা। এ ছাড়া প্রশিক্ষণ শেষে দক্ষতার ভিত্তিতে দেওয়া হবে চাকরি। এর অর্থায়ন করছে সরকারের অর্থ মন্ত্রণালয়ের স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইন-ভেস্টমেন্ট প্রোগ্রাম এবং এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক। আর সারাদেশে প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করবে লেদার গুডস অ্যান্ড ফুটওয়্যার ম্যানুফেকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ। এ প্রকল্প চলবে ২০১৭ সাল পর্যন্ত। যেসব বিষয়ে প্রশিক্ষণ নতুন যারা এ শিল্পে কর্মী বা অপারেটর লেভেলে কাজ করতে চান এমন ৪ হাজার ২০ জন, মধ্যম স্তরের কর্মী হিসেবে বিভিন্ন কারখানায় কাজ করছেন এমন এক হাজার ৭০ জন পাবেন এই প্রশিক্ষণ। নতুনদের অর্থাৎ কর্মী লেভেলে তিনটি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। বিষয় তিনটি হলো_ কাটিং মেশিন অপারেটর, সুইং মেশিন অপারেটর এবং সেটিং অ্যান্ড অ্যামেব্লিং অপারেটর। সব কোর্সের মেয়াদ দুই মাস। বিভিন্ন কারখানায় মধ্যম স্তরের কর্মী হিসেবে নিয়োজিতদের কর্মী ব্যবস্থাপনা, উৎপাদন ব্যবস্থাপনা, সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট, কমপ্লায়েন্স, এইচআর ইত্যাদি বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্যও দেওয়া হবে প্রশিক্ষণ। আবেদন যোগ্যতা ১৮ বছর বা তার বেশি বয়সী যে কেউ আবেদন করতে পারবেন। ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণী। অগ্রাধিকার পাবেন নারী, উপজাতি ও ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রার্থীরা। ভর্তির সময় জমা দিতে হবে শিক্ষাগত যোগ্যতার সনদ বা নম্বরপত্রের ফটোকপি, জাতীয় পরিচয়পত্র অথবা জন্মনিবন্ধনের ফটোকপি ও দুই কপি পাসপোর্ট আকারের ছবি। যাচাই-বাছাই নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। ভর্তি ফরম পাওয়া যাবে www.lfmeab.org ও www.coelbd.com-এই দুটি ওয়েবসাইটে। ফরম সংগ্রহ করা যাবে প্রকল্পের অফিস থেকেও। ফরম পূরণ করে জমা দিতে হবে প্রকল্পের গাজীপুরের চন্দ্রা অফিসে। প্রার্থী বাছাইয়ের সময় শিক্ষাগত যোগ্যতা ও দক্ষতা, কারখানায় কাজ করার মানসিকতা, শারীরিক যোগ্যতা, কাজ শেখার আগ্রহ, সাধারণ জ্ঞানের পরিধি ইত্যাদি বিষয় বিবেচনায় নেওয়া হবে। ভাতা ও চাকরি প্রশিক্ষণ চলাকালে প্রতি মাসে ৩ হাজার ২৫০ টাকা হারে ভাতা প্রদান করা হবে। এ ছাড়া কারখানা থেকে দেওয়া হবে এক হাজার থেকে এক হাজার ৫০০ টাকা। প্রশিক্ষণ শেষে কাজের মূল্যায়ন ভিত্তিতে দেওয়া হবে সনদ। দক্ষদের মিলবে চাকরি। এ ছাড়া প্রশিক্ষণ নেওয়া কর্মীর তথ্য অন্তর্ভুক্ত করা হবে জাতীয় দক্ষতা ডাটাবেজে। বিস্তারিত পত্রিকায় বিজ্ঞাপনের মাধ্যমে প্রার্থী খোঁজা হবে। তাই নিয়মিত চোখ রাখতে হবে পত্রিকায় www.lfmeab.org ও www.coelbd.com ওয়েবসাইটেও পাওয়া যাবে প্রয়োজনীয় তথ্য। এ ছাড়া যে কোনো তথ্যের জন্য সকাল ৮টা থেকে বিকেল ৫টা পর্যন্ত যোগাযোগ করা যাবে দেওয়ান পল্লাজা [তৃতীয় তলা], হোল্ডিং নং-ই-২০, ওয়ার্ড নং-৭, পল্লী বিদ্যুৎ, চন্দ্রা, কালিয়াকৈর, গাজীপুর ঠিকানায়। যে কোনো তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরে- ০২-৬৮২২৫১৮৭৩, ০১৭৬৮৪২৩৩২২, ০১৬১৫২৪১০২০। হ চাকরি নিয়ে ডেস্ক

Print

ফোন : ৮৮৭০১৭৯-৮৫ ৮৮৭০১৯৫

ফ্যাক্স : ৮৮৭০১৯১ ৮৮৭৭০১৯৬

